গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
www.nilphamari.gov.bd
স্থানীয় সরকার শাখা

**জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বেগবান করার লক্ষ্যে জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির এপ্রিল/২০২৬ মাসের সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ নায়িরুজ্জামান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৯ এপ্রিল,২০২৬ |
| সভার সময় | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, স্থানীয় সরকার, মার্চ ২০২৬ পর্যন্ত জন্ম ও মৃত্যু নিবন্ধনের প্রতিবেদন পর্যালোচনা করেন। এসডিজি বাস্তবায়নসহ জাতি গঠনমূলক সকল কার্যক্রমের সঙ্গে নাগরিক নিবন্ধন ওতপ্রোতভাবে জড়িত। ২০২৬ সাল নাগাদ জন্ম- মৃত্যুর ১ বছরের মধ্যে শতভাগ জন্ম এবং অন্তত ৫০% মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার বিষয়ে বাংলাদেশ ইউএন-এসকাপ এর নিকট প্রতিশ্রুতিবদ্ধ। এ প্রেক্ষিতে আইন অনুযায়ী জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নীলফামারী জেলার সকল উপজেলায় শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার জন্য জনসংখ্যার ভিত্তিতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের যে বার্ষিক ও মাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা অর্জন করা একান্ত প্রয়োজন। এই লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকল বিভাগ ও প্রতিষ্ঠানের ভূমিকা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সকল সদস্যগণ এ বিষয়ে মতামত প্রেরণ করেন।

জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত আইন অনুযায়ী জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নীলফামারী জেলার সকল উপজেলায় শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার জন্য জনসংখ্যার ভিত্তিতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের বার্ষিক ও মাসিক যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা বাস্তবায়ন করতে উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী কর্তৃক উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটির সভা নিয়মিতভাবে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে ভর্তির সময় জন্ম নিবন্ধন সার্টিফিকেট পরিক্ষান্তে ভর্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদান করা যেতে পারে। অনিবার্য কারণবশত ছাত্রছাত্রীদের জন্ম নিবন্ধন না হয়ে থাকলে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভায় প্রেরণ করে জন্ম নিবন্ধন কার্যক্রমে সক্রিয় সহযোগিতা করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী। |
| ০২ | প্রতিমাসে ইউনিয়ন ভিত্তিক সন্তান সম্ভবা মায়ের প্রত্যাশিত জন্ম তারিখ (EDD) এর তালিকা পরিবার কল্যাণ পরিদর্শক এর মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নীলফামারী। |
| ০৩ | নবজাতক শিশুর টিকা প্রদানের সময় ভ্যাকসিনেশন কার্ড এর নির্ধারিত স্থানে জন্ম নিবন্ধন নম্বর লেখা নিশ্চিত করা এবং শিশুর জন্ম নিবন্ধন না হয়ে থাকলে জন্ম নিবন্ধন ফরম পূরণপূর্বক জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সহকারি/পরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | সিভিল সার্জন, নীলফামারী । |
| ০৪ | উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটির সভা নিয়মিতভাবে আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), নীলফামারী। |



CamScanner

| | | |
|---|---|---|
| ০৫ | শিশুর জন্ম নিবন্ধন করার ক্ষেত্রে তার বাবা মায়ের জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে।<br>জন্ম নিবন্ধন করার ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ও ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাদের মিটিং করতে হবে।<br><br>গ্রাম পুলিশ ও ওয়ার্ড সদস্যদের জন্ম নিবন্ধনের জন্য দায়িত্ব প্রদান করতে হবে। | ১। প্রশাসক (সকল), পৌরসভা, নীলফামারী।<br>২।উপজেলা নির্বাহী অফিসার (সকল), নীলফামারী। |
| ০৬ | সমাজসেবা অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড ও প্রভাতি প্রকল্প, এলজিইডিতে সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় উপকারভোগী বাছাইয়ের সময় জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ নিশ্চিত করতে হবে। | ১। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নীলফামারী<br>২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী।<br>৩। উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড নীলফামারী।<br>৪। প্রভাতি প্রকল্প, এলজিইডি, নীলফামরী |
| ০৭ | মৃত্যু ব্যক্তির ওয়ারিশন সনদ প্রদানের ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন করে ওয়ারিশ সনদ প্রদান নিশ্চিত করতে হবে। | ১। প্রশাসক (সকল), পৌরসভা, নীলফামারী।<br>২। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, নীলফামারী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-০৪-২০২৬
মোহাম্মদ নায়িরুজ্জামান
জেলা প্রশাসক

নম্বর: ০৫.৪৭.৭৩০০.০০০.০১১.৩৬.০০০২.২৫.১২০

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
২। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
৩। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
৪। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।
৫। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৬। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৭। সিনিয়র সহকারী সচিব, সিভিল রেজিস্ট্রেশন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নীলফামারী।
৯। প্রশাসক, নীলফামারী/সৈয়দপুর/জলঢাকা, পৌরসভা, নীলফামারী।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নীলফামারী।
১১। উপপরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নীলফামারী।
১২। প্রশাসক, ডোমার পৌরসভা, নীলফামারী।
১৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নীলফামারী।
১৪। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী।



CS CamScanner

১৫। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী।

১৬। কনসালটেন্ট, প্রভাতি প্রকল্প, এলজিইডি, নীলফামারী।।

২৮-০৪-২০২৬
মো: সাইদুল ইসলাম
উপ পরিচালক



CamScanner